# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 1st Term Examination

Sub: BENGALI GRAMMER & COMP. Class: 8A/8B/8C/8D F. M. 80

Duration: 2 HRS 30 MINS Date: 24.04.2018

## বিভাগ – ক

১। সঠিক উত্তরটি বেছে লেখো ঃ- (১x৫=৫)

১.১ বাংলায় 'সভাপতি' শব্দটি হল ––

(১) পুংলিঙ্গ (২) নিত্য পুংলিঙ্গ

(৩) উভয়লিঙ্গ (৪) ক্লীবলিঙ্গ

১.২ বাংলায় 'বৃন্দ' শব্দটি হল ––

(১) প্রত্যয় (২) একবচন

(৩) সমষ্টিবাচক (৪) নির্দেশক

১.৩ 'হে দরিদ্র্য, তুমি মোরে করেছ মহান।' 'তুমি' শব্দটি হল ––

(১) বিশেষ্য (২) প্রথম পুরুষ

(৩) উত্তম পুরুষ (৪) মধ্যম পুরুষ

১.৪ যেসব ধাতু স্বয়ংসিদ্ধ বা যাদের আর বিশ্লেষণ করা যায় না - তাদের বলা হয় ––

(১) যৌগিক ধাতু (২) নাম ধাতু

(৩) মৌলিক ধাতু (৪) ধ্বন্যাত্মক ধাতু

১.৫ যে ক্রিয়া কেবলমাত্র কর্তাকে অবলম্বন করে ঘটে এবং নিজে থেকেই সম্পূণ৪ . অবস্থায় থাকে, তাকে বলে ––

(১) অকর্মক ক্রিয়া (২) সকর্মক ক্রিয়া

(৩) সমাপিকা ক্রিয়া (৪) অসমাপিকা ক্রিয়া

২। প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ- (১x১০=১০)

১. 'বেয়াই' শব্দটির স্ত্রীলিঙ্গবাচক শব্দটি লেখো।

২. শ্রীমতি নির্মলা রায় এখন নরেনের অভিভাবক (লিঙ্গটি শুদ্ধ করে লেখো)

৩. রবীন্দ্রনাথ 'গীতাঞ্জলি' রচনা করেছেন। 'রবীন্দ্রনাথ' কোন্ পুরুষ ?

৪. ইনি আমাদের বিদ্যালয়ের নতুন শিক্ষক। 'আমাদের' কোন্ পুরুষ ?

৫. অনেক বালকগুলি খেলায় যোগ দিয়েছিল। (ভুল বচনটি শুদ্ধ করে লেখো)

৬. ছেলেরা ফুটবল খেলছে। (মুখ্যকর্মপদ কোন্‌টি ?)

৭. 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি।' –– কোন্ শব্দটি অসমাপিকা ক্রিয়া।

৮. সূর্য পূর্ব দিকে ওঠে - এটি কোন্ কালের উদাহরণ।

৯. ঢং ঢং করে ঘন্টা বাজল। ঢং ঢং কোন্ শব্দ বা পদ ?

১০. 'সমুদ্র' শব্দের একটি সমার্থক শব্দ লেখো।

## বিভাগ-খ (২৫)

১) প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাওঃ (৫ × ২ = ১০)

| | |
|---|---|
| ১.১) | মা আমাকে রোজ রামায়ণ পড়ে শোনান। বাক্যটিতে মুখ্যকর্ম ও গৌণকর্ম কোন্ দুটি? |
| ১.২) | শুদ্ধ করে লেখ - শারিরীক, ভাগিরথি |
| ১.৩) | মৌমাছি শব্দের দুটি সমার্থক শব্দ লেখ। |
| ১.৪) | লিঙ্গ পরিবর্তন কর - প্রথম, গোপ। |
| ১.৫) | বহুবচন কর - পদ, রত্ন। |

২) প্রশ্নগুলির সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দাওঃ (যে কোন পাঁচটি) (৫ × ৩ = ১৫)

| | |
|---|---|
| ২.১) | বচন কাকে বলে? বচন কয় প্রকার ও কি কি? – উদাহরণসহ লেখ। |
| ২.২) | ধাতু কাকে বলে? ধাতু কয় প্রকার ও কি কি? – উদাহরণসহ লেখ। |
| ২.৩) | সাধিত ধাতু কাকে বলে? সাধিত ধাতু কয় প্রকার ও কি কি? প্রত্যেক প্রকার সাধিত ধাতুর উদাহরণ দাও। |
| ২.৪) | লিঙ্গ কাকে বলে? প্রত্যেক প্রকার লিঙ্গের উদাহরণ দাও। |
| ২.৫) | পুরুষ কাকে বলে? পুরুষ কয় প্রকার ও কি কি? প্রত্যেক প্রকার পুরুষের উদাহরণ দাও। |
| ২.৬) | সমধাতুজ কর্ম কাকে বলে? উদাহরণসহ লেখ। |
| ২.৭) | একই সর্বনামপদ এবং একই বিশেষ্য পদ দুবার ব্যাবহার করে দুটি বহুবচনের শব্দ লেখ। শব্দ দুটির দ্বারা দুটি বাক্য গঠন কর। |

## বিভাগ-গ (৪০)

১) অর্থের সম্পূর্ণতার দিক দিয়ে ক্রিয়াপদ কয়প্রকার ও কি কি? প্রত্যেকটির সংজ্ঞা ও উদাহরণ দাও। (১ + ১ + ৪ = ৬)

২) কর্ম অনুসারে ক্রিয়াপদ কয়প্রকার ও কি কি? প্রত্যেকটির সংজ্ঞা ও উদাহরণ দাও। (১ + ১ + ৪ = ৬)

৩) যে কোনো একটি পত্র লেখঃ (১২)

| | |
|---|---|
| ৩.১ | বিদ্যালয়ে পড়াশুনার কাজে বিদ্যালয়ের গ্রন্থাগারের বিশেষ ভূমিকা ছাত্রদের নানাভাবে উপকৃত করে। এই কথা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ। |
| ৩.২ | তোমার বিদ্যালয়ে এ বছর যে ক্রীড়া প্রতিযোগিতা পালিত হয়েছে সে সম্পর্কে দাদাকে একটি পত্র লেখ। |
| ৩.৩ | ছোট ভাইয়ের জন্মদিনে তাকে তুমি কী ধরনের উপহার দিতে চাও সেই সম্পর্কে ছোট ভাইকে একটি পত্র লেখ। |

৪) যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর ( ২৫০ থেকে ৩০০ শব্দে) (১৬)

| | |
|---|---|
| ৪.১ | বর্তমান শিক্ষাব্যবস্থায় মাতৃভাষার গুরুত্ব। |
| ৪.২ | আমার জন্মভূমি |
| ৪.৩ | বাঙালির প্রিয় উৎসব। |

Amit Kundu 25/04/18
Alpana Majumder 25.04.18

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 1st Term Examination
## Model Answer

Sub: BENGALI GRAMMER & COMP. Class: 8A/8B/8C/8D F. M. 80

Duration: 3 HOURS Date: 24.04.2018

## বিভাগ – ক

১। **সঠিক উত্তরটি বেছে লেখো ঃ-** (১x৫=৫)

১.১ বাংলায় 'সভাপতি' শব্দটি হল — (খ) নিত্য পুংলিঙ্গ

১.২ বাংলায় 'বৃন্দ' শব্দটি হল — (গ) সমষ্টিবাচক

১.৩ 'হে দরিদ্র্য, তুমি মোরে করেছ মহান।' 'তুমি' শব্দটি হল — (ঘ) মধ্যম পুরুষ

১.৪ যেসব ধাতু স্বয়ংসিদ্ধ বা যাদের আর বিশ্লেষণ করা যায় না - তাদের বলা হয় — (গ) মৌলিক ধাতু

১.৫ যে ক্রিয়া কেবলমাত্র কর্তাকে অবলম্বন করে ঘটে এবং নিজে থেকেই সম্পূণ৪ অবস্থায় থাকে, তাকে বলে — (ক) অকর্মক ক্রিয়া

২। **প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ-** (১x১০=১০)

১. বেয়ান

২. শ্রীমতি নির্মলা রায় এখন নরেনের অভিভাবিকা।

৩. রবীন্দ্রনাথ — প্রথম পুরুষ।

৪. আমাদের — উত্তম পুরুষ।

৫. বালকগুলি খেলায় যোগ দিয়েছিল।

৬. ফুটবল।

৭. উঠিয়া।

৮. নিত্যবর্তমানকাল।

৯. ধ্বন্যাত্মক শব্দ।

১০. সাগর / সিন্ধু।

## বিভাগ-খ (২৫)

১) **প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাওঃ** (৫ × ২ = ১০)

| | | |
|---|---|---|
| ১.১) | মা আমাকে রোজ রামায়ণ পড়ে শোনান। বাক্যটিতে মুখ্যকর্ম ও গৌণকর্ম কোন্ দুটি? | রামায়ণ - মুখ্যকর্ম ; আমাকে - গৌণকর্ম |
| ১.২) | শুদ্ধ করে লেখ - শারিরীক, ভাগিরথি | শারীরিক ; ভাগীরথী |
| ১.৩) | মৌমাছি শব্দের দুটি সমার্থক শব্দ লেখ। | মধুমক্ষিকা, অলি, ভ্রমর, মধুকর |
| ১.৪) | লিঙ্গ পরিবর্তন কর - প্রথম, গোপ। | প্রথমা, গোপিনী |
| ১.৫) | বহুবচন কর - পদ, রত্ন। | পদাবলি, রত্নরাজি |

২) **প্রশ্নগুলির সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দাওঃ** **(যে কোন পাঁচটি)** (৫ × ৩ = ১৫)

| | | |
|---|---|---|
| ২.১) | বচন কাকে বলে? বচন কয় প্রকার ও কি কি? – উদাহরণসহ লেখ। | ব্যাকরণে যার দ্বারা ব্যক্তি বা বস্তুর সংখ্যা সম্পর্কে বোধ জন্মায় তাকে বচন বলে। বচন দুই প্রকার। একবচন – আমি বইটি পড়ছি – 'আমি' ও 'বইটি' হল একবচন। বহুবচন – আমরা আমগুলি খেয়েছি – 'আমরা' ও 'আমগুলি' হল বহুবচন। |
| ২.২) | ধাতু কাকে বলে? ধাতু কয় প্রকার ও কি কি? – উদাহরণসহ লেখ। | ক্রিয়াপদের অবিভাজ্য মৌলিক অংশকে ধাতু বলে। ধাতু তিন প্রকার।<br>১) মৌলিক বা সিদ্ধ ধাতু – চল্, দেখ্।<br>২) সাধিত ধাতু – পড়া।<br>৩) সংযোগমূলক ধাতু – দান+কর্ = দান করা। |
| ২.৩) | সাধিত ধাতু কাকে বলে? সাধিত ধাতু কয় প্রকার ও কি কি? প্রত্যেক প্রকার সাধিত ধাতুর উদাহরণ দাও। | যে ধাতুকে বিশ্লেষণ করা যায় তাকে সাধিত ধাতু বলে। মৌলিক ধাতুর সাথে 'আ' প্রত্যয় যুক্ত করে সাধিত ধাতু গঠিত হয়। উদাঃ বাবা আমাকে পড়াচ্ছেন- (পড়্+আ)। সাধিত ধাতু তিন প্রকার।<br>১) নিজন্ত বা প্রযোজক – খাওয়া।<br>২) নামধাতু – হাতা (হাত্+আ) ।<br>৩) ধন্যাত্মক ধাতু – টনটনা (টন্‌টন্+আ) । |
| ২.৪) | লিঙ্গ কাকে বলে? প্রত্যেক প্রকার লিঙ্গের উদাহরণ দাও। | ব্যাকরণে যে চিহ্ন বা লক্ষণের দ্বারা কোন শব্দের স্ত্রী, পুরুষ, অপ্রাণিবাচক (বা ক্লীব) বস্তুর বোধ জন্মায় তাকে লিঙ্গ বলে। লিঙ্গ চার প্রকার।<br>পুংলিঙ্গ – রাজা, স্ত্রীলিঙ্গ – মা, উভয়লিঙ্গ – শিশু, ক্লীবলিঙ্গ – জল। |
| ২.৫) | পুরুষ কাকে বলে? পুরুষ কয় প্রকার ও কি কি? প্রত্যেক প্রকার পুরুষের উদাহরণ দাও। | ব্যাকরণে যাকে কেন্দ্র করে ক্রিয়ার রূপের পরিবর্তন হয় তাকে পুরুষ বলে। পুরুষ তিন প্রকার।<br>১) উত্তম পুরুষ – আমি বাগানে জল দিচ্ছি। 'আমি' উত্তম পুরুষ।<br>২) মধ্যম পুরুষ – তোমরা মন দিয়ে পড়বে। 'তোমরা' মধ্যম পুরুষ।<br>৩) প্রথম পুরুষ – সে খেলতে গেল। 'সে' প্রথম পুরুষ। |
| ২.৬) | সমধাতুজ কর্ম কাকে বলে? উদাহরণসহ লেখ। | একই ধাতুর বিশেষ্যপদকে কর্ম হিসেবে নিয়ে অকর্মক ক্রিয়াকে সকর্মক করে দেখানো যায়। এই ধরণের কর্মকে সমধাতুজ কর্ম বলে। উদাঃ ছেলেটা খুব ঘুম ঘুমিয়েছে। 'ঘুম' সমধাতুজ কর্ম। |
| ২.৭) | একই সর্বনামপদ এবং একই বিশেষ্য পদ দুবার ব্যাবহার করে দুটি বহুবচনের শব্দ লেখ। শব্দ দুটির দ্বারা দুটি বাক্য গঠন কর। | মাঠে মাঠে – বিশেষ্যপদ। মাঠে মাঠে ধানের সমারোহ – 'মাঠে মাঠে' বহুবচন।<br>কে কে – সর্বনামপদ। কে কে আজ মাঠে খেলতে এসেছে? 'কে কে' (কারা) বহুবচন। |

## বিভাগ-গ (৪০)

**১) অর্থের সম্পূর্ণতার দিক দিয়ে ক্রিয়াপদ কয়প্রকার ও কি কি? প্রত্যেকটির সংজ্ঞা ও উদাহরণ দাও।** (১ + ১ + ৪ = ৬)

অর্থের সম্পূর্ণতার দিক দিয়ে ক্রিয়াপদ দুইপ্রকার। সমাপিকা ক্রিয়া ও অসমাপিকা ক্রিয়া।
ক) সমাপিকা ক্রিয়া – বাক্যে যে ক্রিয়াপদের দ্বারা বাক্যের অর্থ সম্পূর্ণ হয় তাকে সমাপিকা ক্রিয়া বলে। যেমন – ছেলেরা মাঠে খেলছে।
খ) অসমাপিকা ক্রিয়া - বাক্যে যে ক্রিয়াপদ ব্যবহৃত হলে বাক্যের অর্থ সম্পূর্ণ হয় না, বাক্যের অর্থ সম্পূর্ণ করতে অন্য একটি সমাপিকা ক্রিয়ার প্রয়োজন হয়, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন – তুমি পড়া শেষ করে মাঠে যাবে।

**২) কর্ম অনুসারে ক্রিয়াপদ কয়প্রকার ও কি কি? প্রত্যেকটির সংজ্ঞা ও উদাহরণ দাও।** (১ + ১ + ৪ = ৬)

কর্তা যে কাজ করে তাকে কর্ম বলে। কর্ম অনুসারে ক্রিয়াপদকে দুই ভাগে ভাগ করা হয়। অকর্মক ক্রিয়া ও সকর্মক ক্রিয়া।
ক) অকর্মক ক্রিয়া – যে ক্রিয়ার কর্ম থাকে না তাকে অকর্মক ক্রিয়া বলে। উদাঃ শিশুটি হাসছে। হাসছে - অকর্মক ক্রিয়া।
খ) সকর্মক ক্রিয়া - যে ক্রিয়ার কর্ম থাকে তাকে সকর্মক ক্রিয়া বলে। উদাঃ অমল বই পড়ছে। 'বই' – কর্ম। 'পড়ছে' - সকর্মক ক্রিয়া ।

**৩) যে কোনো একটি পত্র লেখঃ** (১২)

| | | |
|---|---|---|
| ৩.১ | বিদ্যালয়ে পড়াশুনার কাজে বিদ্যালয়ের গ্রন্থাগারের বিশেষ ভূমিকা ছাত্রদের নানাভাবে উপকৃত করে। এই কথা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ। | চিঠি লেখার সাতটি নিয়ম মেনে চিঠি লিখতে হবে। গ্রন্থাগারের প্রকৃত ধারনা দিতে হবে। ছাত্ররা বিভিন্ন বিষয়ের ও পাঠ্য পুস্তকের সহায়ক গ্রন্থের সাহায্যে কিভাবে উপকৃত হয়, সেই সম্পর্কে বন্ধুকে একটি পত্র লিখতে হবে। |
| ৩.২ | তোমার বিদ্যালয়ে এবছর যে ক্রীড়া প্রতিযোগিতা পালিত হয়েছে সে সম্পর্কে দাদাকে একটি পত্র লেখ। | বিদ্যালয়ের ক্রীড়া প্রতিযোগিতায় তোমার অংশগ্রহণ ও অনুষ্ঠান গুলির অভিজ্ঞতা সম্পর্কে দাদাকে একটি পত্র লিখতে হবে। |
| ৩.৩ | ছোট ভাইয়ের জন্মদিনে তাকে তুমি কী ধরনের উপহার দিতে চাও সেই সম্পর্কে ছোট ভাইকে একটি পত্র লেখ। | প্রত্যেকের জন্মদিন একটি বিশেষ দিন। বিভিন্ন উপহারের মাধ্যমে শুভেচ্ছা ও ভালবাসা জানানো হয়। কী কী উপহার পেলে ছোট ভাইয়ের ভালো লাগবে সেই সম্পর্কে ছোট ভাইকে পত্র লিখতে হবে। |

**৪) যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর ( ২৫০ থেকে ৩০০ শব্দে)** (১৬)

রচনায় পাঁচটি অনুচ্ছেদ মেনে রচনা লিখতে হবে।

| | | |
|---|---|---|
| ৪.১ | বর্তমান শিক্ষাব্যবস্থায় মাতৃভাষার গুরুত্ব। | মাতৃভাষার ধারণা ; বর্তমান শিক্ষাব্যবস্থার পরিচয় ; শিক্ষার মাধ্যম হিসাবে বিদেশী ভাষার চাইতে মাতৃভাষার গুরুত্ব বেশি ; পৃথিবীর বিভিন্ন দেশে মাতৃভাষার মাধ্যমে শিক্ষার অগ্রগতি। |
| ৪.২ | আমার জন্মভূমি | ভৌগলিক – ঐতিহাসিক গুরুত্ব – সাংস্কৃতিক ও ধর্মীয় সংস্কারের মেলবন্ধন – জন্মভূমির প্রতি আমার দায়িত্ব ও কর্তব্য – দেশমাতৃকার প্রতি শ্রদ্ধাঞ্জলি। |
| ৪.৩ | বাঙালির প্রিয় উৎসব। | উৎসবের ধারণা – বাঙালির উৎসবপ্রিয়তা – বাঙালির বৈচিত্রময় উৎসব – বাঙালির প্রিয় উৎসব – আয়োজন – অপচয় – সকলের শুভচেতনার ও মঙ্গলবোধের মধ্যেই উৎসবের সার্থকতা। |